| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | সাঁটলিপিকার | ০১ (এক)টি | ৫৫০০—১২০৯৫/- |
| (২) | গাড়ী চালক | ০১ (এক)টি | ৪৭০০—৯৭৪৫/- |
| (৩) | অফিস সহায়ক | ০১ (এক)টি | ৪১০০—৭৭৪০/- |
| | **মোট=** | **০৩ (তিন)টি** | |

২। উক্ত পদের ব্যয় ২০১৪—২০১৫ অর্থ বছরের বাজেটে ৪৬ ভূমি মন্ত্রণালয়-৪৬০৭ ভূমি সংস্কার বোর্ডের কোড ৪৫০১ হতে মিটানো হবে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ জি,ও জারি করা হলো।

**মোঃ মজিবর রহমান**
উপসচিব।

---

**[ একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে ]**

**আদেশ**

তারিখ, ১৬ মার্চ ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৬.২৮.০০৬.১২-১৭৫**—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৯-০৭-২০১৩ তারিখের ০৪.০০.০০০০.২১১. ০৬.০২৩.১৩-৩০৭ নং স্মারকে ২৮ জুলাই, ২০১৩/১৩ শ্রাবণ ১৪২০ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১৯শ সভায় ভূমি সংস্কার বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০১৩-এর খসড়া অনুমোদনক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ শাখার গত ০৮-০৫-২০১৪ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০২৭.১৯৯৮(অংশ-১)-৯৮ নং স্মারকে, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ গত ১০-০৯-২০১৪ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-৯/৯৮(অংশ-১)/২১৮ নং স্মারকে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-১ এর ০৫-১১-২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৭.১২-২৫৩ নং স্মারকের সম্মতি এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১২-০২-১৫ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৪.১৫-৫৮ নং স্মারকে ০৮ ফেব্রুয়ারি ২০১৫/২৬ মাঘ ১৪২১ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি সংস্কার বোর্ড এবং বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের নিম্নবর্ণিত ১০ (দশ)টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতনস্কেল, ২০০৯ | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল, ২০০৯ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | প্রশাসনিক কর্মকর্তা ০৮টি | টাঃ ৮০০০–১৬৫৪০ | টাঃ ৮০০০–১৬৫৪০ (১০ম গ্রেড) | খসড়া নিয়োগ যোগ্যতা ঃ পদটি ১০০% পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য।<br>খসড়া সরাসরি নিয়োগ যোগ্যতা ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রী। অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা সমমান ডিগ্রী। |
| (২) | ড্রাইভার ০২টি | টাঃ ৪৭০০–৯৭৪৫ | টাঃ ৪৭০০–৯৭৪৫ (১৬নং গ্রেড) | খসড়া সরাসরি নিয়োগ যোগ্যতা ঃ The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984, অনুযায়ী পদ পূরণযোগ্য। |

২। এতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

**মোঃ মজিবর রহমান**
উপসচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৮৯.২০০৮-১৬৯**—জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন ছিদ্দিক**
সচিব।

---

**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ ফাল্গুন ১৪২১/০৪ মার্চ ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৬.১৪-৬৪**—যেহেতু, আপনি জনাব এ, কে, এম জুলফিকার ইসলাম (পরিচিতি নম্বর ০০৫৪৩২), সিনিয়র ট্রাফিক ইঞ্জিনিয়ার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চঃদাঃ সড়ক ও জনপথ অধিদপ্তর,), ডিটিসিএ (প্রেষণে) গত ২৪-০৮-২০১৪ তারিখ হতে ৩১-০৮-২০১৪ তারিখ পর্যন্ত ০৮ (আট) দিন যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ গত ২৫-১১-২০১৪ তারিখের ডিটিসিএ/প্রশাঃ/সিঃট্রাঃইঞ্জিঃ ব্যঃনথি/৬৯/ ২০১২-৭৬০ নম্বর স্মারকে অবহিত করেন; এবং

যেহেতু, আপনাকে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সড়কপথে যাতায়াতকারী যাত্রী সাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়ে স্থাপিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে গত ০৪-১০-২০১৪ তারিখ দায়িত্ব পালনের জন্য নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক গত ১৭-০৯-২০১৪ তারিখের ৩৫.০২.০০০০.০০২.১৮.০০২.১৪-৬০৫ নম্বর স্মারক মারফত নির্দেশ দেওয়া হয়; এবং

যেহেতু, আপনি সরকারি নির্দেশ থাকা সত্ত্বেও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক স্থাপিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে দায়িত্ব পালন করেননি, যা কর্তব্যে চরম অবহেলা, দায়িত্বহীনতা ও উদাসীনতার সামিল; এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ০১/২০১৫ রুজু করা হয়; এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান-কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান কর হয়; এবং

যেহেতু, আপনি গত ০৪-০২-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২৩-০২-২০১৫ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় পুনঃ দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত বক্তব্য পর্যালোচনা ও বিশ্লেষণে প্রতীয়মান হয়েছে যে, ডিটিসিএ-এর প্রস্তাব যথাযথ ছিলনা এবং অনুপস্থিতির সময় তিনি প্রকৃতপক্ষেই অসুস্থ ছিলেন; এবং

এক্ষণে, সার্বিক পরিস্থিতি ও প্রেক্ষাপট বিবেচনায় জনাব এ, কে, এম জুলফিকার ইসলাম (পরিচিতি নম্বর ০০৫৪৩২), সিনিয়র ট্রাফিক ইঞ্জিনিয়ার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চঃদাঃ সড়ক ও জনপথ অধিদপ্তর,), ডিটিসিএ (প্রেষণে)-কে বিভাগীয় মামলা নম্বর ০১/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ ফাল্গুন ১৪২১/০৩ মার্চ ২০১৫

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৭০.১৩-১০৩**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ হাবীবুর রহমান (৯৪১৯), সহকারী অধ্যাপক (ইংরেজী), সরকারি ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা এর বিরুদ্ধে গত ২৬-১১-২০১৩ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণে ছাত্র-ছাত্রীদের বাধা প্রদানসহ অধ্যক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে ঔদ্ধত্যপূর্ণ আচরণ, শিক্ষক পরিষদের সম্পাদকসহ অধ্যক্ষের বিরুদ্ধে আপত্তিকর কটুক্তির অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক ''অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন, সেহেতু, গত ২৭-০২-২০১৪ তারিখে শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযোগের বিপক্ষে তিনি যথাযথ তথ্য/উপাত্ত উপস্থাপন করতে সক্ষম হননি বিধায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্ত তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ হাবীবুর রহমান (৯৪১৯), সহকারী অধ্যাপক (ইংরেজী), সরকারি ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. নজরুল ইসলাম খান**
সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃংখলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ ফাল্গুন ১৪২১/১২ মার্চ ২০১৫

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৭/২০১৪/৬৮**—যেহেতু, জনাব রমেন্দ্রনাথ পোদ্দার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), চুয়াডাঙ্গা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) উপ-বিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলাটি অধিকতর তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে সতর্ক করে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব রমেন্দ্রনাথ পোদ্দার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), চুয়াডাঙ্গা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি)-কে সতর্ক করতঃ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**কাজী আখতার হোসেন**
সচিব।

---

**উন্নয়ন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩৮.০১১.০১৪.০৬.০০.০০৩.২০১৪-৩৮**—মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর অনুমোদিত ডিপিপি অনুযায়ী নির্দেশক্রমে নিম্নোক্ত কমিটিসমূহ গঠন করা হলো ঃ

**জেলা এনজিও নির্বাচন কমিটি (DNSC)**

**কমিটির রূপরেখা**

**সভাপতি**

(১) জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

(২) পুলিশ সুপার
(৩) সিভিল সার্জন
(৪) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ
(৫) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর
(৬) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর
(৭) জেলা শিক্ষা কর্মকর্তা
(৮) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা
(৯) জেলা সমবায় কর্মকর্তা
(১০) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

**সদস্য-সচিব**

(১১) সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

**কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ**

১। NGO-দের নিকট হতে প্রাপ্ত EOI পরীক্ষা-নিরীক্ষাকরণ।
২। NGO-নির্বাচনের মানদন্ড অনুযায়ী প্রাথমিকভাবে নির্বাচিত NGO সমূহের সংক্ষিপ্ত তালিকাকরণ (প্রতি উপজেলা হতে চারটি NGO-র বেশী নয়)।
৩। সংক্ষিপ্ত তালিকার NGO-দের নিকট হতে RFP (প্রস্তাবের জন্য অনুরোধ) জারীকরণ।
৪। প্রাপ্ত প্রস্তাবসমূহ NGO-নির্বাচনের মানদন্ড অনুযায়ী যাচাই-বাছাইকরণ।
৫। NGO-নির্বাচনের মানদন্ড অনুযায়ী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রত্যেক উপজেলার জন্য যোগ্য NGO-দের চূড়ান্ত তালিকা প্রস্তুতকরণ।
৬। সংশ্লিষ্ট উপজেলার জন্য চূড়ান্ত তালিকার শীর্ষ স্থানের (১নং ক্রমিক) NGO নির্বাচন এবং ২ ও ৩ নং ক্রমিকের NGO-দের নিয়ে অপেক্ষমান তালিকা প্রণয়ন।
৭। প্রত্যেক উপজেলার জন্য নির্বাচিত NGO এর তালিকা এবং অপেক্ষমান তালিকার NGO-র নাম উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সাবভেনশন সাব কমিটির নিকট প্রেরণ।
৮। Subvention Committee হতে অনুমোদন প্রাপ্তির পর নির্বাচিত NGO-র সাথে চুক্তি সম্পাদন।

**জেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি (DNFEC)**

**কমিটির রূপরেখা**

**প্রধান উপদেষ্টা**

১। মন্ত্রী (সংশ্লিষ্ট জেলা)/সিনিয়র সংসদ সদস্য (সংশ্লিষ্ট জেলা)

**উপদেষ্টা**

২। সংসদ সদস্যগণ এবং চেয়ারম্যান পার্বত্য জেলা পরিষদ

**সভাপতি**

৩। জেলা প্রশাসক

**সসদ্যবৃন্দ**

৪। মেয়র, সিটি কর্পোরেশন/পৌরসভা
৫। পুলিশ সুপার
৬। সিভিল সার্জন
৭। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ
৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৯। জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর
১০। জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, প্রাণী সম্পদ অধিদপ্তর
১১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
১২। জেলা শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর।

১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

১৪। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর

১৫। উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

১৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

১৭। জেলা তথ্য কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর

১৮। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর

১৯। জেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর

২০। লীড ব্যাংকের প্রতিনিধি

২১। বাস্তবায়নকারী NGO'র প্রতিনিধি (নির্বাহী কমিটির সদস্য)।

**সসদ্য-সচিব**

২২। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

জেলা প্রশাসক কাজের প্রয়োজনে আরো কর্মকর্তা কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

**কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ**

১। বেজলাইন সার্ভের কার্যক্রম তদারকী করা।

২। শিক্ষক ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদানের জন্য সহায়তা প্রদান।

৩। সামাজিক উদ্বুদ্ধকরণ কার্যক্রম আয়োজন।

৪। নিয়মিত মনিটরিং ও পর্যালোচনা।

৫। মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ।

৬। অগ্রগতি প্রতিবেদন বিশ্লেষণ এবং প্রয়োজনীয় সংশোধন-মূলক ব্যবস্থা গ্রহণ।

৭। বাস্তবায়নকারী NGO কর্তৃক দাখিলকৃত ব্যয় বিবরণী (Statement of Expenditure) অনুমোদন।

৮। বরাদ্দকৃত অর্থ বাস্তবায়নকারী NGO-দের মাঝে নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করা।

৯। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং প্রকল্প বাস্তবায়ন ও ব্যবস্থাপনা ইউনিট এর নির্দেশনা বাস্তবায়ন।

১০। প্রকল্পের কর্মসূচি বাস্তবায়ন উন্নততর করার স্বার্থে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ।

১১। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা ইউনিটকে কর্মসূচির বিভিন্ন অগ্রগতি নিয়মিতভাবে অবহিতকরণ।

**উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি (UNFEC)**

**কমিটির রূপরেখা**

**উপদেষ্টা**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ

**সভাপতি**

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

৩। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ

৪। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ

৫। পৌরসভার মেয়র/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

৬। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা

৭। উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর

৯। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, প্রাণী সম্পদ অধিদপ্তর

১০। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

১১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

১৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর

১৪। প্রতিনিধি, পার্বত্য জেলা পরিষদ

১৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

১৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর।

১৭। উপজেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর

১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা

১৯। লীড ব্যাংকের প্রতিনিধি

২০। বাস্তবায়নকারী NGO'র প্রতিনিধি (নির্বাহী কমিটির সদস্য)

**সদস্য-সচিব**

২১। উপজেলা প্রোগ্রাম কর্মকর্তা (UPO)

উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজের প্রয়োজনে আরো কর্মকর্তা কমিটিকে অন্তর্ভুক্ত করতে পারবেন।

**কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ**

১। প্রকল্পের সামগ্রিক পরিদর্শন, মনিটরিং এবং মূল্যায়ন।

২। বেজলাইন সার্ভে তত্ত্বাবধায়ন/তদারকীকরণ।

৩। শিক্ষার্থীদের তালিকা অনুমোদন।

৪। শিক্ষাকেন্দ্রের তালিকা অনুমোদন।

৫। CMC (কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি) ULC (ইউনিয়ন সাক্ষরতা কমিটি) অনুমোদন।

৬। শিক্ষাকেন্দ্র স্থাপনে বাস্তবায়নকারী NGO-কে সহায়তা প্রদান।

৭। শিক্ষক ও সুপারভাইজার নিয়োগে সহায়তা প্রদান।

৮। শিক্ষক ও সুপারভাইজারদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণে সহায়তা প্রদান।

৯। স্থানীয় পর্যায়ের সকল অংশীদারদের সমন্বয় সাধন।

১০। সামাজিক উদ্বুদ্ধকরণ কার্যক্রম আয়োজন।

১১। নিয়মিত পরিবীক্ষণ (মনিটরিং) এবং মূল্যায়ন কার্যক্রম পরিচালনা।

১২। অগ্রগতি প্রতিবেদন বিশ্লেষণ ও সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ।

১৩। ব্যয় বিবরণী অনুমোদন।

১৪। শিক্ষার্থীদের অগ্রগতি মূল্যায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক মূল্যায়ন কমিটি গঠন।

১৫। প্রকল্পের কর্মসূচি বাস্তবায়ন উন্নততর করার স্বার্থে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ।

১৬। কর্মসূচীর বিভিন্ন অগ্রগতি জেলা কমিটিকে (DNFEC) অবহিতকরণ।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী কমিটির রূপরেখায় যে কোন সময় পরিবর্তন হতে পারে।

**জেলা টেন্ডার কমিটি (DTC)**

**কমিটির রূপরেখা**

**সভাপতি**

১। জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সদর)

৩। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর

৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

৫। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

৬। জেলা সমবায় কর্মকর্তা

৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

**সদস্য-সচিব**

৮। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

**কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ**

জেলা প্রশাসক এই কমিটির মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে উপকরণ, সরঞ্জাম অথবা প্রয়োজনীয়তা বিবেচনায় অন্য কোন দ্রব্যাদি ক্রয় করবেন।

**উপজেলা টেন্ডার কমিটি (UTC)**

**কমিটির রূপরেখা**

**সভাপতি**

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

২। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

৩। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর

৪। উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর

৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

৬। উপজেলা সমবায় কর্মকর্তা

৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

**সদস্য-সচিব**

৮। উপজেলা প্রোগ্রাম অফিসার

**কমিটির দায়িত্ব ও কর্তব্য ঃ**

উপজেলা নির্বাহী কর্মকর্তা এই কমিটির মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে উপকরণ, সরঞ্জাম অথবা প্রয়োজনীয়তা বিবেচনায় অন্য কোন দ্রব্যাদি ক্রয় করবেন।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**এ,এইচ,এম গোলাম কিবরিয়া**
সিনিয়র সহকারী সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ চৈত্র ১৪২১/২২ মার্চ ২০১৫

**নং ৪০.০০.০০০০.০১১.০৩৬.০২৫.২০১০.৩৬৯**—যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোর জনবল বিভিন্ন ক্যাটাগরির প্রশাসন ক্যাডারের ১৫ (পনের) টি পদ অন্তর্ভুক্ত করে পদ সংখ্যা ১৪২ (একশত বিয়াল্লিশ) হতে (১৪২+১৫)=১৫৭ (একশত সাতান্ন)তে উন্নীত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহজাহান মিয়া**
উপসচিব (প্রশাসন)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**উপদেষ্টা বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৩৫.০৮.০০২.১৩/০১**—বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এর ৯ নং ধারার (২) ও (৩) উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে উক্ত আইনের উদ্দেশ্যাবলী অর্জনের নিমিত্ত সরকার এ মন্ত্রণালয় হইতে ০৬-০৭-২০১৪খ্রিঃ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং স্বঃ মঃ/উঃ বোঃ/২/৯৭/৩৩ আংশিক সংশোধনপূর্বক নিম্নবর্ণিতভাবে উপদেষ্টা বোর্ড (Advisory Board) পুনর্গঠন করিলেন ঃ

**সভাপতি**

(১) জনাব জিনাত আরা, মাননীয় বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) জনাব এম, মোয়াজ্জাম হোসেন, মাননীয় বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

(৩) অতিরিক্ত সচিব (রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বর্ণিত উপদেষ্টা বোর্ডের ৩ ক্রমিকে উল্লিখিত সদস্য অতিরিক্ত সচিব (রাজনৈতিক), স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর ছুটিকালীন বিকল্প (Leave substitute) হিসাবে মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরকে নিয়োগ প্রদান করিলেন।

৩। উপদেষ্টা বোর্ডের সম্মানিত সদস্যবর্গ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে এতদ্বারা অর্পিত দায়িত্ব পালন করিবেন। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
অতিরিক্ত সচিব।

## আইন অধিশাখা-৩

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ০৭ ফাল্গুন ১৪২১/১৯ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-১০৪**—দিনাজপুর জেলার খানসামা থানার মামলা নং-১২, তারিখ ০৯-০৩-২০১৪খ্রিঃ মূলে অভিযুক্তদের বিরুদ্ধে জনমনে আতংক সৃষ্টি, ককটেল, পেট্রোল বোমা বিস্ফোরণ ঘটিয়ে নির্বাচন সামগ্রী ও অন্যান্য মালামাল পোড়ানো, সরকারি কাজে বাধাদান, মারপিট করে জখম, সন্ত্রাসী কাজে অর্থায়ন সহায়তা এবং সম্পত্তির ক্ষতিসাধন করায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৬(২)(ই)(ঈ)(উ)/৭(৩)/১২ ধারার অভিযোগে মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ১০ ফাল্গুন ১৪২১/২২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৩-১০৬**—পিরোজপুর জেলার ভান্ডারিয়া থানার সাধারণ ডায়েরী নং-৭৬৭, তারিখ ১৯-০৯-২০১৪খ্রিঃ মোতাবেক আসামীগণ কর্তৃক গোপনে সরকারের কুৎসা রটানো, সরকার বিরোধী পরিকল্পনা, জেহাদী বই ও সিডি ডিক্স সংরক্ষণসহ অন্যান্য কর্মকান্ডের মাধ্যমে সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করার অভিযোগে আসামীদের বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ১২০-খ ও ১২৪-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর যথাক্রমে ধারা ১৯৬-ক ও ধারা ১৯৬ এর অধীন সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৩-১০৮**—বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত নং-৪ কক্সবাজার সিআর মামলা নম্বর ১৮/২০১৫, তারিখ, ০৬-০১-২০১৫খ্রিঃ মূলে বাদীর অভিযোগের পরিপ্রেক্ষিতে বিবাদী গত ১৫-১২-২০১৪খ্রিঃ তারিখ যুক্তরাজ্যের ইষ্ট লন্ডনস্থ অ্যাট্রিয়াম ব্যাংকোয়েট হল-এ যুক্তরাজ্য বিএনপি কর্তৃক আয়োজিত আলোচনা সভায় স্বাধীন সার্বভৌম বাংলাদেশ সৃষ্টির নিন্দা উহার সার্বভৌমত্ব বিলোপের সমর্থনপূর্বক তার দলীয় মতাদর্শের লোকজনকে উত্তেজিত করার ও উস্কানিমূলক বক্তব্যসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে "রাজাকার, পাক বন্ধু" বলে এক অসত্য, উদ্দেশ্য প্রণোদিত বক্তব্য প্রদান করার অভিযোগে পেনাল কোড, ১৮৬০ এর ১২১-ক/১২৩-ক/১২৪-ক ধারায় মামলা রুজু করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৮ ফাল্গুন ১৪২১/০২ মার্চ ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৩-১১৩**—ডিএমপি ঢাকার গুলশান থানার সাধারণ ডায়েরী নং-১৬৮৮, তারিখ ২৬-০২-২০১৫ খ্রিঃ মোতাবেক আসামী নাগরিক ঐক্যের আহ্বায়ক জনাব মাহমুদুর রহমান মান্না এবং বর্তমানে যুক্তরাষ্ট্রে অবস্থানরত বিএনপির ভাইস চেয়ারম্যান ও ঢাকা সিটি কর্পোরেশনের সাবেক মেয়র জনাব সাদেক হোসেন খোকার সাথে ইউটিউব এ প্রকাশিত কথোপকথনে বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের চলমান অবরোধ, হরতাল, সহিংস কার্যকলাপের মাধ্যমে জানমালে ক্ষতি সাধন ও বর্তমান গণতান্ত্রিক সরকারের পতন সম্পর্কে আলাপ-চারিতায় জনাব মাহমুদুর রহমান মান্না সাংবিধানিকভাবে নির্বাচিত বৈধ গণতান্ত্রিক সরকারকে অবৈধ ও ষড়যন্ত্রমূলকভাবে উৎখাতের জন্য বিভিন্ন ধংসাত্মক পরিকল্পনা গ্রহণের পরামর্শ হিসেবে বিশ্ববিদ্যালয়ে মিছিল, মারামারি ও হল দলখসহ বর্তমানে যে সহিংস নাশতকতামূলক কর্মকান্ড চলছে তা চালিয়ে যাওয়া এবং সরকারকে বেআইনী পন্থায় উৎখাতের ষড়যন্ত্র করার অভিযোগে আসামীদের বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ১২০-বি এবং ১২১-এ ও ১২৪-এ ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর যথাক্রমে ১৯৬-এ ও ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ, ২১ ফাল্গুন ১৪২১/০৫ মার্চ ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৪-১১৯**—বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ২য় আদালত সিলেট এর দরখাস্ত মামলা নম্বর ১২৬/২০১৪, তারিখ, ২৪-১২-২০১৪খ্রিঃ মূলে বাদীর অভিযোগের পরিপ্রেক্ষিতে বিবাদী গত ২৯-০৯-২০১৪খ্রিঃ তারিখে পূর্ব লন্ডনের বেথনাল গ্রীনের ইয়র্ক হলে যুক্তরাজ্য বিএনপি কর্তৃক আয়োজিত আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে "পাক বন্ধু" বলে এক অসত্য, উদ্দেশ্য প্রণোদিত, অশ্লীল বক্তব্য প্রদান, বাংলাদেশের অভ্যুদয় অস্বীকার ও দেশের সার্বভৌমত্ব নস্যাতের অপচেষ্টা করার অভিযোগে পেনাল কোড, ১৮৬০ এর ১২৩-ক ধারায় মামলা রুজু করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৫.১৫-১২০**—বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, আমল গ্রহণকারী আদালত নং-০১, কিশোরগঞ্জ এর দরখাস্ত মামলা নম্বর ৫৭/২০১৪, তারিখ : ২১-১২-২০১৪খ্রিঃ মূলে বাদীর অভিযোগের পরিপ্রেক্ষিতে বিবাদী গত ২৯-০৯-২০১৪খ্রিঃ তারিখে পূর্ব লন্ডনে বেথনাল গ্রীনের ইয়র্ক হলে যুক্তরাজ্য বিএনপি কর্তৃক আয়োজিত আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে "পাক বন্ধু" বলে এক অসত্য, উদ্দেশ্য প্রণোদিত, অশ্লীল বক্তব্য প্রদান, বাংলাদেশের অভ্যুদয় অস্বীকার ও দেশের সার্বভৌমত্ব নস্যাতের অপচেষ্টা করার অভিযোগে পেনাল কোড, ১৮৬০ এর ১২৪-ক ধারায় মামলা রুজু করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.২০১৪-১২১**—যশোর কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-০৪, তারিখ, ০২-১০-২০১৪খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)" এর ৬/১০/১২ ধারা মামলার আসামীগণ ০১-১০-২০১৪খ্রিঃ তারিখে আসামীরা বেআইনীভাবে মারাত্মক আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, হাতবোমা ও বিভিন্ন ধরনের দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে সমবেত হয়ে সর্বসাধারণের চলাচলের রাস্তায় যানবাহন ও লোক চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করে তাদের অসৎ উদ্দেশ্য চরিতার্থ করার লক্ষ্যে বর্তমান গণতান্ত্রিক সরকারের বিভিন্ন গণমুখী কর্মকান্ডের বিরুদ্ধে শ্লোগান দিয়ে এবং সন্ত্রাসী কর্মকান্ড সংঘটনের ষড়যন্ত্র ও সহায়তা করে "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)" এর ৬/১০/১২ ধারার অপরাধ করেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত আসামীদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ২৪ ফাল্গুন ১৪২১/০৮ মার্চ ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৪-১২২**—ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ থানার মামলা নম্বর-০৪, তারিখ, ০৩-০৯-২০১৪খ্রিঃ মোতাবেক গত ০৩-০৯-২০১৪খ্রিঃ তারিখ আনুমানিক বেলা ১২.২০ ঘটিকার সময় উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন এর নেতৃত্বে ৫০/৬০ জনের একটি দুষ্কৃতিকারী দল অতর্কিত মিছিল ও শ্লোগান সহযোগে ঈশ্বরগঞ্জ উপজেলা পরিষদ ক্যাম্পাসে প্রবেশপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনয়ন করে। তবে অফিসের কর্মকর্তা/কর্মচারীদের বাধার মুখে অফিস কক্ষে প্রবেশ করতে না পারলেও অফিসের দরজা-জানালায় লাথি মারে এবং ক্রমাগত বাধা প্রদানকারীদের আঘাত করার অভিযোগে আসামীদের বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ১৫৩-ক ধারা সংযোজনের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-১ শাখা

### আদেশ

তারিখ, ১২ ফাল্গুন ১৪২১/২৪ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৩.২০১২-১২৬**—যেহেতু, ডাঃ ফাতেমা সিদ্দিকা (৪৩০২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১-০১-২০০৮ তারিখ হতে ৩০-০৬-২০১২ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৬-১১-২০১২ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৩. ২০১২-১০৯১ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২১-০৮-২০১৩ তারিখের ৪৫.১৫০. ০২৭.০১.০০.১৮৩.২০১২-৭১৪ স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৬-১১-২০১৪ তারিখের ৮০.১০৭.০৩৪.০০. ০০.০১৮.২০১৪-৩৮০ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২২-০২-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ ফাতেমা সিদ্দিকা (৪৩০২৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০১-২০০৮খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ, ০৩ মার্চ ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৫-১৩৭**—যেহেতু, ডাঃ এ. কে. এম. কামাল (৩৮৫৮৯), সিনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), সদর হাসপাতাল, ঝিনাইদহ, ঝিনাইদহ থানার মামলা নং-১, তারিখ, ০১-০২-২০১৫এর বিপরীতে যৌথ বাহিনী কর্তৃক গত ১৪-০২-২০১৫ তারিখে গ্রেফতার হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ এ. কে. এম. কামাল (৩৮৫৮৯), সিনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), সদর হাসপাতাল, ঝিনাইদহকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১৪-০২-২০১৫ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

## শৃংখলা-২ শাখা

### আদেশাবলী

তারিখ, ১৭ ফাল্গুন ১৪২১/০১ মার্চ ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০১৪.২০১৩-৫৫**—যেহেতু, ডাঃ মুহাম্মদ মনিরুজ্জামান খান, মেডিকেল অফিসার, কাকাইলছেও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ (স্থায়ী ঠিকানা ঃ পিতা জনাব আব্দুল মজিদ খান, গ্রামঃ ঘাঘিয়া, ডাকঘর বালিরটেক, উপজেলা মানিকগঞ্জ সদর, জেলা মানিকগঞ্জ) গত ১৭-১০-২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর 5(c) অনুযায়ী ডাঃ মুহাম্মদ মনিরুজ্জামান খান গত ০১-০৭-২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত এবং কর্ম কমিশন কর্তৃক তাঁর চাকুরি নিয়মিত হয়নি;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মুহাম্মদ মনিরুজ্জামান খান, মেডিকেল অফিসার, কাকাইলছেও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৭-১০-২০১০ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ০২ মার্চ ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১৫৭.২০১৩-৫৭**—যেহেতু, অধ্যাপক ডাঃ রুহুল আমিন, অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি হোমিও প্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১০-০৬-২০১৪ তারিখের তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং তদন্তে স্বজনপ্রীতির অভিযোগ প্রমাণিত হলেও 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তিনি তার চাকুরির ৫৯ বছর পূর্তিতে গত ৩০-১২-২০১৪ তারিখ পিআরএল-এ গমন করেছেন;

এক্ষণে, সেহেতু, অধ্যাপক ডাঃ রুহুল আমিন, অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি হোমিও প্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানি, উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র, তদন্ত প্রতিবেদন ও গত ৩০-১২-২০১৪ তারিখে পিআরএল-এ যাওয়ার বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক মামলাটি নিস্পত্তি করা হল।

এ আদেশ জনস্বার্থ জারি করা হল।

তারিখ, ১০ মাঘ ১৪২১/২২ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০৭৯.২০১৩-৬০**—যেহেতু, ডাঃ নওরীন কাশেম, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও গত ০১-০৯-২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি বিধায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর 5(c) অনুযায়ী ডাঃ নওরীন কাশেম গত ০৪-০৭-২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত এবং কর্ম কমিশন কর্তৃক তাঁর চাকুরি নিয়মিত হয়নি;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ নওরীন কাশেম, সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৩০-০৯-২০১০ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**হাসপাতাল-২ শাখা**

**পরিপত্র**

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৫

বিষয়ঃ **ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি, তেজগাঁও, ঢাকা এর নাক, কান, গলা রোগের বিশেষ পরীক্ষা নিরীক্ষার ফির হার নির্ধারণ**

**নং স্বাপকম/হাস-২/বিবিধ-২৭/২০০৪(অংশ)/১০১**—স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি, তেজগাঁও, ঢাকা এর নাক, কান, গলা রোগের বিশেষ পরীক্ষা নিরীক্ষার কর বহির্ভূত রাজস্ব আইটেমসমূহের ফির হার নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে অর্থ মন্ত্রণালয়ের ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা

অনুবিভাগের ০৯-০২-২০১৫ তারিখের নং-০৭.১৪৫.০৩৩.০০.০২.০০৮.২০০২-০৮ সংখ্যক স্মারকে প্রদত্ত অনুমোদন অনুযায়ী নির্দেশক্রমে নির্ধারণ করা হলো ঃ

| ক্রমিক নং | সেবার খাত | নির্ধারিত মূল্য/রেট |
|---|---|---|
| (১) | অডিওলজি বিভাগের পরীক্ষা | |
| | Pure Tone Audiometry | ২০০/- |
| | Impedance+SRT | ২০০/- |
| | SISI Test | ৩০০/- |
| | ABLB | ৩০০/- |
| | Tone Decay | ৩০০/- |
| | UCL/ULL | ২০০/- |
| | Spech Audiometry | ৩০০/- |
| | BOA/Play Audiometry/VRA | ৪০০/- |
| | Aided Audiogram | ৫০০/- |
| | ABR | ১২০০/- |
| | OAE | ৬০০/- |
| | EcochG | ১০০০/- |
| | VNG | ৮০০/- |
| | Spech Therapy 1st session | ২০০/- |
| | Spech Therapy-Follow-up | ১০০/- |
| | Hearing Sereening | ৫০০/- |
| | ASSR | ২০০০/- |
| | Caloric test | ৮০০/- |
| | ইয়ার মোলড প্রিপারেশন | ৬০০/- |
| (২) | স্লীপ ল্যাব (Sleep Lab)/ Polysomnography | ৩০০০/- |

২। **শর্তসমূহ ঃ**

(ক) এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে কোড ১-২৭১৫-০০০০-১৮৬৩ এ জমা করতে হবে।

(খ) 'চিকিৎসা সুবিধা বিধিমালা' ১৯৭৪ এর আওতায় সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সংক্রান্ত সকল সুযোগ-সুবিধা বহাল থাকবে।

(গ) বীর মুক্তিযোদ্ধা, দুস্থ ও গরীব রোগীদের চিকিৎসা ও রোগ নির্ণয় পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত সরকারি আদেশ বহাল থাকবে।

৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনকৃত ও জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আল মামুন মুর্শেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২২/০২ জুন ২০১৫

**নং প্রম/বিভাগীয় মামলা/২০১৩/ডি-১/১৬২(১)**—যেহেতু, জনাব লিটন মাহমুদ জিয়াউদ্দিন, ব্যক্তিগত নম্বর সিএস-০০০২৫, লাইব্রেরিয়ান (সিজিও-১) হিসেবে বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ)-তে কর্মরত থাকা অবস্থায় ৮ আগস্ট ২০১৩ তারিখ থেকে ১২ আগস্ট ২০১৩ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনের সাময়িক ছুটিতে গমন করেন এবং ১৩ আগস্ট ২০১৩ তারিখ থেকে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় বাংলাদেশ মিলিটারি একাডেমি কর্তৃক গঠিত তদন্ত আদালত তাঁকে চাকরি থেকে অব্যাহতি প্রদান এবং সেনাসদর কর্তৃক গঠিত তদন্ত আদালত তাঁকে চাকরি থেকে বরখাস্ত করার সুপারিশ করে;

যেহেতু, তাঁর বিরুদ্ধে 'Civilian Employees in Defence Services (Classifications, Control & Appeal) Rules, 1961' -এর বিধি ৭(২) অনুসারে অসদাচরণের অভিযোগে ৯(৪) বিধির আওতায় বিভাগীয় মামলা দায়ের করে সরকারি চাকরি থেকে কেন বরখাস্ত করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক উক্ত কারণ দর্শানোর নোটিশ গৃহীত হয়েছে এবং অভিযুক্তের নিকট থেকে প্রাপ্ত তথ্য ও সেনাসদর থেকে আনীত অভিযোগের বিষয়টি প্রমাণিত হয়েছে;

যেহেতু জনাব লিটন মাহমুদ জিয়াউদ্দিন কর্তৃক ১৩ আগস্ট, ২০১৩ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে বিদেশে গমন করার কারণে তাঁর কৃত অপরাধের গুরুত্ব বিবেচনায় এবং তদন্তকারী কর্মকর্তার মতামতের পরিপ্রেক্ষিতে উক্ত কর্মকর্তাকে 'Civilian Employees in Defence Services (Classifications, Control & Appeal) Rules, 1961' -এর ৮(১)(এইচ) বিধি অনুসারে গুরুদন্ড হিসেবে ১৩ আগস্ট ২০১৩ তারিখ থেকে (কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ থেকে) চাকরি থেকে বরখাস্ত (dismissal from service) করণের প্রস্তাবটি মহামান্য রাষ্ট্রপতি অনুমোদন করেছেন;

সেহেতু, Civilian Employees in Defence Services (Classifications, Control & Appeal) Rules, 1961-এর ৮(১)(এইচ) বিধি অনুসারে সেনাসদর, এজি শাখা, পিএ পরিদপ্তরের অধীন বাংলাদেশ মিলিটারি একাডেমি (বিএমএ) এর লাইব্রেরিয়ান (সিজিও-১) জনাব লিটন মাহমুদ জিয়াউদ্দিন, ব্যক্তিগত নম্বর সিএস-০০০২৫-কে চাকরি থেকে বরখাস্ত (dismissal from service) করা হল।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ তথা ১৩ আগস্ট ২০১৩ তারিখ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**
সিনিয়র সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা ৬

### আদেশ

তারিখ, ২২ মার্চ ২০১৫

**নং আর-৬/৭এন-৪৫/২০১৪-১০০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুমিল্লা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ কাউসারুজ্জামান, পিতা-কামাল উদ্দিনকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই

সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১৭ জুন ২০১৫

**নং বিচার-৭/২এন-১২৩/৮২(অংশ-১)-৩১৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব রিয়াজুল কবির, পিতা হুমায়ুন কবির, মাতা আনোয়ারা খাতুন, গ্রাম বাহিরশিমুল, ডাকঘর বাহিরশিমুল, উপজেলা হালুয়াঘাট, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার ১১নং আমতৈল ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১১**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ জুন ২০১৫

**নং আঃ কোঃকঃ-০৯/২০১৪/৩২২**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ১৬৮৭/২০০৮ ও সিপিএলএ নং ৬৯০/২০১০ নম্বর মামলার রায় বাস্তবায়নার্থে ২৩ শে সেপ্টেম্বর ১৯৮৬ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা ৯৭৬৪ (২৩) নম্বর পৃষ্ঠায় ক্রমিক নম্বর-৭০-এ প্রকাশিত পরিত্যক্ত সম্পত্তি "খ" তালিকা হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার বাড়িটি অবমুক্ত করলেন।

**"বাড়ি নম্বর-২২-এ/এ, ২য় কলোনী, মিরপুর, ঢাকা"**

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সময়ে সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সালাউদ্দিন**
উপসচিব।